রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৭, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ জুন ২০১৩

**নং ০৯ (আঃম)(লেঃস)(মুঃপ্রঃ)-আইন-অনুবাদ-২০১৩**—সরকারি কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ২৯ (খ) এর ক্রমিক ৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগের বিগত ০৩-০৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিকরণ) আইন, ১৯৭৩ এর বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

মোঃ দেলোয়ার হোসেন
সহকারী সচিব (চঃদাঃ)।



মূল্য ঃ টাকা ২০.০০

[ মূল ইংরেজী আইন হইতে অনূদিত বাংলা পাঠ ]

# ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিকরণ) আইন, ১৯৭৩

[ ২২ সেপ্টেম্বর, ১৯৭৩ ]

## ১৯৭৩ সনের ২৩ নং আইন

ছাপাখানা রাখিবার জন্য ঘোষণা এবং মুদ্রণ ও সংবাদপত্র প্রকাশনা এবং পুস্তক নিবন্ধিকরণের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ছাপাখানা রাখিবার জন্য ঘোষণা এবং মুদ্রণ ও সংবাদপত্র প্রকাশনা এবং পুস্তক নিবন্ধিকরণের উদ্দেশ্যে, এবং উহার সহিত সম্পর্কিত বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :—

## অংশ-১

## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিকরণ) আইন, ১৯৭৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং ১৯৭৩ সনের আগস্ট মাসের ২৮তম দিবসে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,—

(ক) "প্রমাণীকরণ ঘোষণা" অর্থ ধারা ৭ এর অধীন ঘোষিত ও স্বাক্ষরিত এবং ধারা ১২ এর অধীন প্রমাণীকরণ অথবা প্রমাণীকরণ হিসাবে গণ্য কোন ঘোষণা ;

(খ) "পুস্তক" অর্থে যে কোন ভাষায়, প্রত্যেক ভলিউম, কোন ভলিউমের অংশ বা বিভাগ এবং আবাঁধা পুস্তিকা ও আলাদাভাবে মুদ্রিত অথবা প্রস্তরে অংকিত নকশা হইতে মুদ্রিত প্রত্যেক সংগীতের শীট, মানচিত্র, চার্ট বা নকশা অন্তর্ভুক্ত হইবে;

(গ) "দলিল" অর্থে কোন চিত্র, অংকন, ফটোগ্রাফ বা অন্য যে কোন দৃষ্টিগ্রাহ্য বিষয় অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "সম্পাদক" অর্থ কোন ব্যক্তি যিনি সংবাদপত্রে প্রকাশিত বিষয় নির্বাচন নিয়ন্ত্রণ করিয়া থাকেন;

(ঙ) "ফরম" অর্থ তফসিলে বর্ণিত কোন ফরম;

(চ) "সংবাদপত্র" অর্থ গণসংবাদ বা গণসংবাদের উপর মন্তব্যসহ কোন সাময়িকী, এবং সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সংবাদপত্র হিসাবে ঘোষিত, এইরূপ যে কোন শ্রেণীর সাময়িকী উহার অন্তর্ভুক্ত হইবে;

(ছ) "সংবাদ-শীট" অর্থ গণসংবাদ বা গণসংবাদের উপর মন্তব্যসহ, কোন সংবাদপত্র ব্যতীত, কোন দলিল;

(ছছ) "প্রেস আপীল বোর্ড" অর্থ ধারা ২ক এর অধীন গঠিত প্রেস আপীল বোর্ড;

(জ) "কাগজ" অর্থে কোন দলিল, প্রচারপত্র, সংবাদপত্র, সংবাদ-শীট এবং পোস্টার অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) "নির্ধারিত" অর্থ বিধিমালা দ্বারা নির্ধারিত;

(ঞ) "প্রেস" অর্থে কোন ছাপাখানা এবং ইহার সকল যন্ত্রপাতি, সাজসরঞ্জাম ও স্থাপনা (plant) এবং উহার অংশবিশেষ ও একাধিক দলিল ছাপার জন্য ব্যবহৃত সকল উপকরণ অন্তর্ভুক্ত হইবে;

(ট) "মুদ্রাকর" অর্থ কোন ব্যক্তি যিনি পুস্তক বা কাগজ মুদ্রণের জন্য কোন মুদ্রণযন্ত্রের মালিক হন বা তাহার দখলে রাখেন;

(ঠ) "ছাপাখানা' অর্থ মুদ্রণের উদ্দেশ্যে ব্যবহৃত সকল ইঞ্জিন, যন্ত্রপাতি, ছাপার হরফ, লিথোগ্রাফিক স্টোন, কারিগরী যন্ত্র, সরঞ্জামাদি এবং অন্যান্য সকল স্থাপনা (plant) বা দ্রব্যাদি;

(ড) "প্রশাসক" অর্থ কোন ব্যক্তি, যিনি কোন পুস্তক বা কাগজ, যে কোন উপায়ে প্রকাশের জন্য দায়িত্বপ্রাপ্ত থাকে বা নিয়ন্ত্রণের দায়িত্বে থাকেন এবং সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীও উহার অন্তর্ভুক্ত হইবে;

(ঢ) "অননুমোদিত সংবাদপত্র" অর্থ কোন সংবাদপত্র যাহার সম্পর্কে ধারা ৭ এর অধীন আপাততঃ কোন বৈধ ঘোষণাপত্র নাই;

(ণ) "অননুমোদিত সংবাদ-শীট" অর্থ ধারা ২১ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃক প্রকাশিত সংবাদ-শীট ব্যতীত কোন সংবাদ-শীট; এবং

(ত) "অননুমোদিত প্রেস" অর্থ এইরূপ কোন প্রেস যাহার ধারা ৪ এর অধীন আপাততঃ কোন বৈধ ঘোষণাপত্র নাই।

## অংশ-১ক

## প্রেস আপীল বোর্ড

**২ক। প্রেস আপীল বোর্ড।**—সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে একটি প্রেস আপীল বোর্ড গঠন করিবে, যথা ঃ—

(ক) প্রেস কাউন্সিল এ্যাক্ট, ১৯৭৪ (১৯৭৪ সনের ২৫ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত প্রেস কাউন্সিলের চেয়ার্‌ম্যান, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) চেয়ার্‌ম্যান কর্তৃক মনোনীত উক্ত প্রেস কাউন্সিলের একজন সদস্য;

(গ) সরকার কর্তৃক মনোনীত যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহে প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত এইরূপ একজন কর্মকর্তা।

## অংশ-২

## ছাপাখানা

৩। **পুস্তক এবং কাগজে মুদ্রিতব্য বিষয়।**—বাংলাদেশে মুদ্রিত প্রত্যেকটি পুস্তক এবং কাগজে মুদ্রাকারের নাম ও মুদ্রণের স্থান, এবং যদি পুস্তক বা কাগজটি প্রকাশ করা হয়, তাহা হইলে উহাতে সুস্পষ্টভাবে প্রকাশকের নাম এবং প্রকাশনার স্থান মুদ্রণ করিতে হইবে।

৪। **ছাপাখানার সংরক্ষক (Keeper) কর্তৃক ঘোষণা প্রদান।**—(১) কোন ব্যক্তি পুস্তক বা কাগজ ছাপাইবার জন্য তাহার দখলে কোন ছাপাখানা রাখিতে পারিবে না, যদি না তিনি, উক্ত ছাপাখানাটি যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত, সেই জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে ফরম-ক তে ঘোষণা প্রদান এবং উহাতে স্বাক্ষর প্রদান করেন।

(২) যতবারই কোন ছাপাখানার অবস্থানের পরিবর্তন ঘটিবে, ততবারই নূতন করিয়া ঘোষণা প্রদানের প্রয়োজন হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে এইরূপ পরিবর্তনের মেয়াদ ষাট দিনের অধিক না হয়, এবং ছাপাখানাটির পরিবর্তিত স্থান একই জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে হয়, সেইক্ষেত্রে নূতন করিয়া ঘোষণা প্রদানের প্রয়োজন হইবেনা, যদি—

(ক) উক্ত ছাপাখানার সংরক্ষক একই ব্যক্তি হন; এবং

(খ) পরিবর্তনের চব্বিশ ঘন্টার মধ্যে উক্ত ছাপাখানার সংরক্ষক পরিবর্তনের বিষয়টি জেলা ম্যাজিস্ট্রেটকে লিখিতভাবে অবহিত করেন।

## অংশ-৩

## সংবাদপত্রের মুদ্রণ ও প্রকাশনা

৫। **সংবাদপত্র প্রকাশনা।**—এই অংশের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ না হইলে এবং এতদ্‌সম্পর্কে প্রমাণীকৃত ঘোষণাপত্র বিদ্যমান না থাকিলে, কোন সংবাদপত্র মুদ্রণ বা প্রকাশ করা যাইবেনা।

৬। **সম্পাদকের নাম সংবাদপত্রে ছাপাইতে হইবে।**— প্রত্যেক সংবাদপত্রের প্রতি কপিতে উক্ত সংবাদপত্রের সম্পাদকের নাম সম্পাদক হিসাবে সুস্পষ্টভাবে মুদ্রণ করিতে হইবে।

৭। **মুদ্রাকর এবং প্রকাশকের ঘোষণা।**—প্রত্যেক সংবাদপত্রের মুদ্রাকর এবং প্রকাশক ব্যক্তিগতভাবে অথবা এতদুদ্দেশ্যে বিধিমালা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে এইরূপ সংবাদপত্র মুদ্রিত বা প্রকাশিত হইবে, সেই জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া, ফরম-খ তে মূল কপিসহ প্রতিটি অনুলিপিতে স্বাক্ষর ও ঘোষণা প্রদান করিবেন।

৮। **কোন নাবালক মুদ্রাকর, প্রকাশক বা সম্পাদক হইতে পারিবে না।**—কোন ব্যক্তি সাবালকত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৯ নং আইন) এর বিধান অনুযায়ী অথবা সাবালকত্ব অর্জনে তাহার ক্ষেত্রে যে আইন প্রযোজ্য সেই আইন অনুযায়ী সাবালকত্ব অর্জন না করিলে, ধারা ৭ এর অধীন ঘোষণা প্রদান করিতে পারিবে না অথবা অনুরূপ কোন ব্যক্তি সংবাদপত্র সম্পাদনা করিতে পারিবে না।

৯। **সংবাদপত্র প্রকাশ না করিবার ফলাফল।**—(১) ধারা ৭ এর অধীন ঘোষণা প্রদান করা হইয়াছে এইরূপ কোন সংবাদপত্র যদি না প্রমাণীকরণের তারিখ হইতে তিন মাসের মধ্যে অথবা ধারা ১২ এর অধীন অনুরূপ ঘোষণা প্রমাণীকৃত হইয়াছে মর্মে গণ্য হইবার তারিখ হইতে তিন মাসের মধ্যে প্রকাশিত না হয়, তাহা হইলে উক্ত ঘোষণা বাতিল হইয়া যাইবে।

(২) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন কোন ঘোষণা বাতিল হয়, সেইক্ষেত্রে উক্ত সংবাদপত্র মুদ্রণ অথবা প্রকাশ করিবার পূর্বে মুদ্রাকর এবং প্রকাশককে ধারা ৭ এর অধীন নূতন করিয়া স্বাক্ষর ও ঘোষণা প্রদান করিতে হইবে, এবং এইরূপ নূতন ঘোষণাপত্র এবং পরবর্তী কোন নূতন ঘোষণার ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধানাবলী, প্রযোজ্য হইবে।

(৩) যেক্ষেত্রে কোন সংবাদপত্র প্রকাশিত হইতেছিল, সেইক্ষেত্রে উহা প্রকাশিত না হইলে,—

(ক) দৈনিক সংবাদপত্রের ক্ষেত্রে, তিন মাস; এবং

(খ) অন্য যেকোন সংবাদপত্রের ক্ষেত্রে ছয় মাস যাবৎ প্রকাশিত না হইলে, উক্ত সংবাদপত্রের বিষয়ে প্রদত্ত ঘোষণা বাতিল হইয়া যাইবে, এবং উক্ত সংবাদপত্র পরবর্তীতে মুদ্রণ বা প্রকাশ করিবার পূর্বে মুদ্রাকরকে এবং প্রকাশককে ধারা ৭ এর অধীন নূতন করিয়া স্বাক্ষর এবং ঘোষণা প্রদান করিতে হইবে এবং এইরূপ প্রতিটি ঘোষণার ক্ষেত্রে, এই উপ-ধারার বিধানাবলী ক্ষুণ্ন না করিয়া, পূর্ববর্তী দুইটি উপ-ধারার বিধানাবলী প্রযোজ্য হইবে।

১০। **প্রকাশনার ভাষা, মেয়াদকাল বা স্থান পরিবর্তনের ফলাফল।**—যদি ধারা ৭ এর অধীন ঘোষণা প্রদানের পর যেকোন সময়, যে সংবাদপত্রের ঘোষণাটি প্রদান করা হইয়াছে, উক্ত সংবাদপত্রটির ঘোষণায় বিধৃত ভাষা, মেয়াদকাল বা স্থান ব্যতীত অন্য কোন ভাষায় বা ভাষাসমূহে, মেয়াদে বা স্থানে মুদ্রিত বা প্রকাশিত হয়; তাহা হইলে উক্ত ঘোষণাটি বাতিল হইয়া যাইবে, এবং ধারা ৭ এর অধীন ঘোষণা প্রদান না করা পর্যন্ত পরবর্তীতে উক্ত সংবাদপত্রের মুদ্রণ এবং প্রকাশনা অননুমোদিত হইবে, কিন্তু অনূর্ধ্ব ত্রিশ দিনের মধ্যে শুধু একবারের জন্য উক্ত মুদ্রণ অথবা প্রকাশনার স্থানের সাময়িক কোন পরিবর্তনের ক্ষেত্রে এই ধারার কোন কিছুই প্রযোজ্য হইবেনা, যদি এইরূপ সাময়িক পরিবর্তন বাহাত্তর ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটকে অনুরূপ বিষয়টি নির্ধারিত পদ্ধতিতে অবহিত করা হয়।

১১। **মুদ্রাকর বা প্রকাশকের বাংলাদেশ ত্যাগের ফলাফল।**—যদি কোন সময় ধারা ৭ এর অধীন ঘোষণা প্রদানকারী মুদ্রাকর বা প্রকাশক ঘোষণা প্রদান করিয়া, বাংলাদেশ ত্যাগ করেন, তাহা হইলে উক্ত ঘোষণা বাতিল হইয়া যাইবে, যদি না—

(ক) বাংলাদেশ হইতে উক্ত মুদ্রাকর বা প্রকাশকের অনুপস্থিতির মেয়াদ অনূর্ধ্ব ছয় মাস হয়;

(খ) যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রে সংবাদপত্রটি মুদ্রিত ও প্রকাশিত হয়, সেই জেলা ম্যাজিস্ট্রেটকে, উক্ত মুদ্রাকর বা প্রকাশক তাহার চাহিত সাময়িক অনুপস্থিতি এবং তাহার অনুপস্থিতিতে এবং তাহার পক্ষে যে ব্যক্তি মুদ্রাকর বা প্রকাশকের দায়িত্ব পালন করিবেন, সেই ব্যক্তি সম্পর্কে লিখিতভাবে অবহিত করেন এবং জেলা ম্যাজিস্ট্রেটের নিকট সেই ব্যক্তি কর্তৃক উক্ত দায়িত্ব গ্রহণের বিষয়ে লিখিত বিবরণ দাখিল করেন।

**১২। ঘোষণাপত্র প্রমাণীকরণ।**—(১) ধারা ৭ এর অধীন প্রদত্ত ও স্বাক্ষরিত প্রতিটি ঘোষণা পত্রের মূলকপির অনুলিপি, যে জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে প্রদান করা হইয়াছে, উহা উপ-ধারা (২) এর বিধানাবলী সাপেক্ষে, সেই জেলা ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও অফিসিয়াল সীলমোহর এর মাধ্যমে প্রমাণীকৃত হইতে হইবে।

(২) জেলা ম্যাজিস্ট্রেট ঘোষণাপত্রটি প্রমাণীকরণ করিবেন না, যদি না তিনি সন্তুষ্ট হন যে—

(ক) স্বত্বাধিকারী, মুদ্রাকর এবং প্রকাশক বাংলাদেশের নাগরিক;

(খ) স্বত্বাধিকারী, নিজে মুদ্রাকর বা প্রকাশক না হইলে, তিনি এইরূপ ঘোষণা প্রদানের অনুমতি প্রদান করিয়াছেন;

(গ) প্রকাশনার জন্য প্রস্তাবিত সংবাদপত্রটির শিরোনাম, দেশের যে কোন স্থান হইতে একই ভাষায় পূর্ব হইতে প্রকাশিত কোন সংবাদপত্রের শিরোনাম নহে অথবা ভিন্ন মেয়াদে প্রকাশিত একই প্রকাশক কর্তৃক প্রকাশিত বা একই সংবাদপত্রের অন্য স্থান হইতে প্রকাশিত অন্য কোন সংস্করণ নহে;

(ঘ) মুদ্রাকর বা প্রকাশক ধারা ৭ এর অধীন তাহার ঘোষণা এবং স্বাক্ষর প্রদানের তারিখ হইতে পূর্ববর্তী পাঁচ বৎসরের মধ্যে নৈতিক স্খলনজনিত অপরাধে দণ্ডিত হন নাই;

(ঙ) বিলুপ্ত;

(চ) মুদ্রাকর বা প্রকাশক কোন আদালত কর্তৃক উন্মাদ বা অপ্রকৃতিস্থ বলিয়া সাব্যস্ত হন নাই;

(ছ) প্রকাশকের বা স্বত্বাধিকারীর সংবাদপত্রটি নিয়মিত প্রকাশনার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রহিয়াছে; এবং

(জ) সম্পাদক যুক্তিসঙ্গত শিক্ষাগত যোগ্যতার অধিকারী, অথবা সাংবাদিকতায় তাহার পর্যাপ্ত প্রশিক্ষণ বা অভিজ্ঞতা রহিয়াছে।

**ব্যাখ্যা।**—যদি কোন স্বত্বাধিকারী বা প্রকাশকের নিকট, সরকার কর্তৃক, সময় সময়, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে নির্ধারিত ব্যাংক ব্যালেন্স থাকে, তাহা হইলে কোন সংবাদপত্র নিয়মিত প্রকাশনার জন্য তাহার প্রয়োজনীয় অর্থ সংস্থান রহিয়াছে মর্মে গণ্য হইবে।

(৩) যদি জেলা ম্যাজিস্ট্রেট ঘোষণাটি প্রমাণীকরণ করিতে অস্বীকার করেন, তাহা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি, এইরূপ অস্বীকৃতি প্রদানের পয়তাল্লিশ দিনের মধ্যে প্রেস আপীল বোর্ডে আপীল করিতে পারিবেন, যাহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) ঘোষণাপত্র প্রদানের ষাট দিনের মধ্যে যদি জেলা ম্যাজিস্ট্রেট উক্ত ঘোষণাপত্রটি প্রমাণীকরণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে উক্ত ঘোষণা প্রদানকারী ব্যক্তি, উক্ত ঘোষণাপত্রে প্রমানীকরণের নির্দেশ প্রদানের আবেদন জানাইয়া প্রেস আপীল বোর্ড এর নিকট আবেদন করিতে পারিবেন, এবং প্রেস আপীল বোর্ড উক্ত আবেদনের বিষয়ে যেরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবেন।

১৩। **প্রমাণীকৃত ঘোষণাপত্রের জমা।**—ধারা ১২ এর অধীন প্রমাণীকৃত ঘোষণাপত্রের মূলকপির একটি করিয়া অনুলিপি জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে এবং ধারা ৩৭ এর অধীন সরকার কর্তৃক নিযুক্ত কর্মকর্তার কার্যালয়ে জমা দিতে হইবে।

১৪। **ঘোষণাপত্রে কপি সরবরাহ ও পরিদর্শন।**—ঘোষণাপত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ধারা ১৩ এর অধীন জমাকৃত প্রতিটি মূল ঘোষণাপত্র দুই টাকা ফি প্রদান সাপেক্ষে যে কোন ব্যক্তিকে পরিদর্শনের অনুমতি প্রদান করিতে এবং উক্ত ঘোষণাপত্র যে দপ্তরের তত্ত্বাবধানে রহিয়াছে, উহার দাপ্তরিক সীলমোহর দ্বারা উক্ত মূল ঘোষণাপত্রের অনুলিপি সত্যায়িত করিয়া সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে চার টাকা ফি প্রদান সাপেক্ষে সরবরাহ করিতে পারিবেন।

১৫। **ঘোষণাপত্রের বা সংবাদপত্রের কপি আপাত গ্রহণযোগ্য সাক্ষ্য প্রমাণ হিসাবে গণ্য হইবে।**—ভিন্নরূপ প্রমাণিত না হইলে কোন দেওয়ানী, ফৌজদারী বা অন্যবিধ আইনগত কার্যক্রমে ধারা ১৪ এ নির্ধারিত পদ্ধতিতে সত্যায়িত ঘোষণাপত্রের কপি এবং সম্পাদক হিসাবে পত্রিকায় প্রকাশিত ব্যক্তির নাম সম্বলিত একটি কপি, ঘোষণাপত্রে যিনি স্বাক্ষর করিয়াছেন বা ক্ষেত্রমত, সংবাদপত্রে যাহার নাম ছাপা হইয়াছে, উক্ত ব্যক্তির বিরুদ্ধে এই মর্মে পর্যাপ্ত সাক্ষ্য হিসাবে গণ্য হইবে যে, তিনিই পত্রিকার মুদ্রাকর বা প্রকাশক অথবা ঘোষণাপত্রে উল্লিখিত কোন শিরোনামাধীন পত্রিকার প্রতি কপির প্রত্যেক অংশের মুদ্রাকর এবং প্রকাশক (উক্ত ঘোষণাপত্রে ব্যবহৃত শব্দ অনুযায়ী) অথবা উক্তরূপে প্রকাশিত সংবাদপত্রের প্রত্যেক কপির প্রতিটি অংশের সম্পাদক।

১৬। **ঘোষণাপত্র স্বাক্ষরকারী ব্যক্তি পরবর্তীতে মুদ্রাকর বা প্রকাশক না থাকিলে তৎকর্তৃক নুতন ঘোষণাপত্র প্রদান।**—প্রত্যেক ব্যক্তি যিনি ধারা ৭ এর অধীন কোন ঘোষণাপত্র স্বাক্ষর করিয়াছেন, পরবর্তীতে উক্ত সংবাদপত্রের মুদ্রাকর বা প্রকাশক হিসাবে তাহার পরিসমাপ্তি ঘটিলেও, ব্যক্তিগতভাবে অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত এজেন্টের মাধ্যমে, জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে হাজির হইবে এবং নির্ধারিত পদ্ধতিতে ফরম সি এ ঘোষণাপত্রের মূলকপিসহ উহার অনুলিপিতে স্বাক্ষর করিবেন।

১৭। **ধারা ১৬ এর অধীন ঘোষণাপত্র প্রমাণীকরণ ও দাখিলকরণ।**—ধারা ১৬ এর অধীন প্রদত্ত ঘোষণাপত্রের প্রত্যেকটি মূলকপির অনুলিপি যে জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে দাখিল করা হইয়াছিল, সেই জেলা ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও সীলমোহর দ্বারা প্রমাণীকৃত হইবে এবং এইরূপ প্রমাণীকৃত কপি, প্রত্যেকটি মূলকপির সহিত, অথবা ধারা ৭ এর অধীন প্রদত্ত ঘোষণাপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১৮। **ধারা ১৬ এর অধীন ঘোষণাপত্রের কপিসমূহ পরিদর্শন ও সরবরাহ।**—ধারা ১৭ এর অধীন দাখিলকৃত প্রতিটি মূল ঘোষণাপত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে কোন আবেদনকারী ব্যক্তিকে এক টাকা ফি প্রদান সাপেক্ষে উক্ত মূল ঘোষণাপত্র পরিদর্শনের অনুমতি প্রদান করিবেন, এবং উক্ত ঘোষণাপত্র যে কর্মকর্তার তত্ত্বাবধানে রহিয়াছে, উক্ত কর্মকর্তা যে কোন আবেদনকারী ব্যক্তিকে দুই টাকা ফি প্রদান সাপেক্ষে মূল ঘোষণাপত্রের সত্যায়িত অনুলিপি তাহার অফিসিয়াল সীলমোহর দ্বারা সত্যায়িত করিয়া সরবরাহ করিবেন।

**১৯। ধারা ১৬ এর অধীন দাখিলকৃত ঘোষণাপত্রের কপি সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য।**—কোন আইনগত কার্যক্রমে ধারা ৭ এর অধীন প্রদত্ত কোন ঘোষণাপত্রের সত্যায়িত কপি ধারা ১৪ অনুযায়ী সাক্ষ্য হিসাবে দাখিল করা হইলে, ধারা ১৮ অনুসারে সত্যায়িত ধারা ১৬ এর অধীন প্রদত্ত ঘোষণার কপি সাক্ষ্য হিসাবে গ্রহণ করা আইনসিদ্ধ হইবে, এবং ঘোষণাকারী পরবর্তী ঘোষণার পর কোন সময় উক্ত সংবাদপত্রের মুদ্রাকর বা প্রকাশক ছিলেন মর্মে আর সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে না।

**২০। প্রমাণীকরণ বাতিল।**—(১) যদি কোন সময় ধারা ১২ এর অধীন প্রদত্ত ঘোষণাপত্র প্রমাণকারী জেলা ম্যাজিস্ট্রেট এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত প্রমাণীকরণের পরবর্তী সময়ে—

(ক) সংবাদপত্রটির স্বত্বাধিকারী, মুদ্রাকর বা প্রকাশক বাংলাদেশের নাগরিকত্ব হারাইয়াছেন;

(খ) মুদ্রাকর বা প্রকাশক নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দণ্ডিত হইয়াছেন;

(গ) মুদ্রাকর বা প্রকাশক কোন আদালত কর্তৃক উন্মাদ বা অপ্রকৃতিস্থ হিসাবে ঘোষিত হইয়াছেন; বা

(ঘ) স্বত্বাধিকারী বা প্রকাশক সংবাদপত্রটির নিয়মিত প্রকাশনার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান হারাইয়াছেন ঃ

তবে শর্ত থাকে যে, তিনি উক্ত আদেশের কারণ লিখিতভাবে উল্লেখপূর্বক, ঘোষণাপত্রের প্রমাণীকরণ বাতিল করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, ঘোষণা প্রদানকারী ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ ব্যতিরেকে, এইরূপ কোন আদেশ প্রদান করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোন ব্যক্তি উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে ষাট দিনের মধ্যে প্রেস আপীল বোর্ডের নিকট আপীল করিতে পারিবেন এবং উক্ত বিষয়ে উহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

**২০ক। কতিপয় প্রকাশনা বাজেয়াপ্তির ঘোষণা এবং উক্ত বিষয়ে তল্লাশী পরোয়ানা জারীর ক্ষমতা।**—যে কোন স্থানে প্রস্তুতকৃত কোন পুস্তকে বা কাগজে, কোন শব্দ, চিহ্ন বা দৃশ্যমান উপস্থাপন, যাহা অশালীন, অশ্লীল বা অমার্জিত বিষয় অন্তর্ভুক্ত করিবার লক্ষ্যে প্রস্তুত করা হইয়াছে মর্মে সরকারের নিকট প্রতীয়মান হয়, সেইক্ষেত্রে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উহার মতামতের কারণ বর্ণনা করিয়া, এইরূপ পুস্তক বা কাগজের সকল কপি বাজেয়াপ্ত ঘোষণা করিবে এবং অতঃপর বাংলাদেশের যেখানেই উহা পাওয়া যাইবে, সেইখানেই উক্ত কপিসমূহ কোন পুলিশ কর্মকর্তা আটক করিতে পারিবে, এবং যে কোন জেলা ম্যাজিস্ট্রেট, সাব-ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহে এইরূপ কোন পুলিশ কর্মকর্তাকে, কোন প্রাঙ্গণ, যেখানে এইরূপ পুস্তক বা কাগজ রাখা হইয়াছে মর্মে সন্দেহ হয়, সেই প্রাঙ্গণে প্রবেশ এবং তল্লাশী করিবার ক্ষমতা প্রদানপূর্বক, পরোয়ানা জারী করিতে পারিবেন।

## অংশ-৪

## অননুমোদিত সংবাদ-শীট এবং সংবাদপত্র

২১। **কোন ব্যক্তিকে সংবাদ-শীট প্রকাশ করিবার ক্ষমতা।**—(১) জেলা ম্যাজিস্ট্রেট, লিখিত আদেশ দ্বারা এবং তিনি যেরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ শর্ত সাপেক্ষে, যে কোন ব্যক্তিকে নাম উল্লেখপূর্বক সময় সময় কোন সংবাদ-শীট বা সংবাদ-শীটসমূহ প্রকাশ করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত আদেশের একটি কপি এতদ্‌দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে সরবরাহ করিতে হইবে।

(৩) জেলা ম্যাজিস্ট্রেট যে কোন সময় উপ-ধারা (১) এর অধীন তৎকর্তৃক প্রদত্ত আদেশ প্রত্যাহার করিতে পারিবেন।

২২। **অননুমোদিত সংবাদ-শীট এবং সংবাদপত্র জব্দ বা ধ্বংস করিবার ক্ষমতা।**—(১) কোন পুলিশ কর্মকর্তা, অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, যেখানেই অননুমোদিত সংবাদ-শীট বা সংবাদপত্র পাওয়া যাইবে, সেখানেই উহা জব্দ করিতে পারিবেন।

(২) কোন জেলা ম্যাজিস্ট্রেট, মহকুমা হাকিম বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, সাব-ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন পুলিশ কর্মকর্তাকে, যেখানে উক্ত অননুমোদিত সংবাদ শীট বা সংবাদপত্র মজুদ করিয়া রাখা হইয়াছে অথবা রাখা হইয়াছে মর্মে যুক্তিসংগতভাবে সন্দেহ করেন, সেইখানে প্রবেশ এবং তল্লাশী করিবার ক্ষমতা প্রদানপূর্বক পরোয়ানা জারী করিতে এবং এইরূপ পুলিশ কর্মকর্তা উক্ত স্থানে প্রাপ্ত যে কোন দলিলাদি, যাহা তাহার মতে অননুমোদিত সংবাদ শীট বা সংবাদপত্র বলিয়া মনে হয়, উহা জব্দ করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (১) এর অধীন জব্দকৃত দলিলাদি জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা ম্যাজিস্ট্রেট বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এর সম্মুখে, এবং উপ-ধারা (২) এর অধীন জব্দকৃত দলিলাদি পরোয়ানা ইস্যুকারী ম্যাজিস্ট্রেটের আদালতে, যথাশীঘ্র সম্ভব উপস্থাপন করিতে হইবে।

(৪) এইরূপ ম্যাজিস্ট্রেট বা আদালতের নিকট যদি অনুরূপ দলিলাদি, সংবাদ শীট বা সংবাদপত্র অননুমোদিত মর্মে প্রতীয়মান হয়, তাহা হইলে উক্ত ম্যাজিস্ট্রেট বা আদালত সেইগুলি ধ্বংস করাইতে পারিবেন; কিন্তু যদি, ম্যাজিস্ট্রেট বা আদালতের মতে উক্ত দলিলাদির কোনটিই অননুমোদিত সংবাদ শীট বা সংবাদপত্র বলিয়া প্রতীয়মান না হয়, তাহা হইলে উক্ত ম্যাজিস্ট্রেট বা আদালত, ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫নং আইন) এর ধারা ৫২৩, ৫২৪ এবং ৫২৫ এ বিধৃত পদ্ধতিতে নিষ্পত্তি করিবেন।

২৩। **অননুমোদিত সংবাদ-শীট এবং সংবাদপত্র প্রস্তুতকারী ছাপাখানা ক্রোক এবং বাজেয়াপ্ত করিবার ক্ষমতা।**—(১) যে ক্ষেত্রে কোন জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা ম্যাজিস্ট্রেট এর বিশ্বাস করিবার কারণ থাকে যে, তাহার এখতিয়ারাধীন স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে কোন ছাপাখানা হইতে কোনরূপ অননুমোদিত সংবাদ-শীট বা সংবাদপত্র প্রস্তুত হইতেছে, সেইক্ষেত্রে তিনি সাব-ইন্সপেক্টর পদের নিম্নে নহেন এইরূপ পুলিশ কর্মকর্তাকে, যেখানে উক্ত ছাপাখানা অবস্থিত বা যেখানে উক্ত ছাপাখানা থাকিতে পারে মর্মে যুক্তিসংগতভাবে সন্দেহ হয়, সেইখানে প্রবেশ এবং তল্লাসী করিবার ক্ষমতা অর্পণ করিয়া পরোয়ানা জারি করিতে পারিবেন এবং উক্ত পুলিশ অফিসারের মতে, যদি ছাপাখানায় অননুমোদিত সংবাদ-শীট বা সংবাদপত্র প্রস্তুত করে মর্মে প্রতীয়মান হয়, তাহা হইলে তিনি ছাপাখানাটি বা উক্ত স্থানে প্রাপ্ত কোন দলিলাদি, যাহা তাহার মতে অননুমোদিত সংবাদ-শীট বা সংবাদপত্র মর্মে প্রতীয়মান হয়, তাহ জব্দ করিতে পারিবেন।

(২) উক্ত পুলিশ কর্মকর্তা পরোয়ানা জারীকারী আদালতে তাহার তল্লাসী সম্পর্কে একটি প্রতিবেদন দাখিল করিবেন, এবং যথাশীঘ্র সম্ভব, জব্দকৃত সকল মালামাল উক্ত আদালতের সম্মুখে উপস্থাপন করিবেনঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে জব্দকৃত ছাপাখানাটি তাৎক্ষণিকভাবে স্থানান্তর করা সম্ভব না হয়, সেইক্ষেত্রে উক্ত পুলিশ কর্মকর্তা, যেরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপে ছাপাখানাটির কোন অংশবিশেষ আদালতে উপস্থাপন করিবেন।

(৩) আদালত, যেরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ তদন্তের পর, যদি মনে করে যে এই ধারার অধীন জব্দকৃত ছাপাখানাটি অননুমোদিত সংবাদ শীট বা সংবাদপত্র প্রস্তুত করিতে ব্যবহৃত হয়, তাহা হইলে উক্ত আদালত লিখিত আদেশ দ্বারা, জব্দকৃত ছাপাখানাটি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করিতে পারিবেন, কিন্তু যদি অনুরূপ তদন্তের পর, আদালত এইরূপ মনে না করেন, তাহা হইলে আদালত উক্ত ছাপাখানাটির বিষয়ে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫নং আইন) এর ধারা ৫২৩, ৫২৪ এবং ৫২৫ এ বিধৃত পদ্ধতিতে নিষ্পত্তি করিবেন।

(৪) উক্ত আদালত এই ধারার অধীন উহার সম্মুখে উপস্থাপিত দলিলাদি সম্পর্কে ধারা ২২ এর উপ-ধারা (৪) এ বিধৃত পদ্ধতিতে ব্যবস্থা গ্রহণ করিবেন।

## অংশ-৫

## পুস্তক এবং সংবাদপত্র সরবরাহ

২৪। **মুদ্রিত বইয়ের কপি বিনামূল্যে সরকারের নিকট সরবরাহ।**—কোন বইয়ের মুদ্রাকর ও প্রকাশকের মধ্যে যে চুক্তিই থাকুক না কেন, বাংলাদেশে মুদ্রিত বা লিথোগ্রাফকৃত হইয়াছে এইরূপ বইয়ের মুদ্রাকরকে, ছাপাখানা হইতে বই সরবরাহের এক মাসের মধ্যে, বিনামূল্যে সরকারের নিকট উক্ত বইয়ের অনুরূপ চূড়ান্ত ও রঙ্গীন সর্বোৎকৃষ্ট চারটি কপি উহার সকল মানচিত্র, ছাপা অথবা অন্যায় খোদাইকৃত বস্তুসহ সরকার কর্তৃক প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত স্থান ও কর্মকর্তার নিকট জমা দিতে হইবে।

২৫। **ধারা ২৪ এর অধীন সরবরাহকৃত পুস্তকের কপির রসিদ**।—ধারা ২৪ এর অধীন কোন কর্মকর্তার নিকট কোন পুস্তকের কপি সরবরাহ করা হইলে তিনি উক্ত মুদ্রাকরকে লিখিতভাবে উহার রসিদ প্রদান করিবেন।

২৬। **সরকারের নিকট সংবাদপত্রের কপি বিনামূল্যে সরবরাহ**।—প্রত্যেক সংবাদপত্রের মুদ্রাকরকে সরকার কর্তৃক প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত স্থানে এবং কর্মকর্তার নিকট সংবাদপত্রটি প্রকাশিত হইবার সঙ্গে সঙ্গে বিনামূল্যে উহার চার কপি সরবরাহ করিতে হইবে।

## অংশ-৬
## পুস্তক নিবন্ধীকরণ

২৭। **পুস্তকের স্মারক নিবন্ধীকরণ**।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত কর্মকর্তার নিকট এবং অনুরূপ অফিসে পুস্তকের ক্যাটালগ নামে অভিহিত একটি বই সংরক্ষিত থাকিবে, যাহাতে ধারা ২৪ এর বিধান অনুযায়ী সরবরাহকৃত প্রতিটি পুস্তকের স্মারক সরবরাহের সঙ্গে সঙ্গেই নিবন্ধীকরণ করিতে হইবে এবং উক্ত স্মারকে যতটুকু বাস্তবসম্মত, নিম্নলিখিত বিবরণাদি থাকিবে, যথা ঃ—

(ক) পুস্তকের শিরোনাম ও শিরোনামপৃষ্ঠার বিষয়বস্তু, পুস্তকে বিধৃত শিরোনাম বাংলা ভাষায় না হইলে উক্ত শিরোনাম ও বিষয়ের বঙ্গানুবাদ,

(খ) পুস্তকটি যে ভাষায় লিখিত হইয়াছে,

(গ) পুস্তক বা উহার কোন অংশের লেখক, অনুবাদক বা সম্পাদকের নাম,

(ঘ) বিষয়বস্তু,

(ঙ) মুদ্রণ এবং প্রকাশনার স্থান,

(চ) মুদ্রাকর এবং প্রকাশকের নাম,

(ছ) ছাপাখানা হইতে সরবরাহ এবং প্রকাশিত হইবার তারিখ,

(জ) শীট (Sheet), পাতা বা পৃষ্ঠার সংখ্যা,

(ঝ) সংস্করণের সংখ্যা,

(ঞ) সংস্করণে মুদ্রিত কপির সংখ্যা,

(ট) পুস্তকটি মুদ্রিত বা লিথোগ্রাফকৃত কিনা,

(ঠ) জনসাধারণের নিকট যে মূল্যে পুস্তক বিক্রয় করা হইবে, এবং

(ড) গ্রন্থস্বত্ব বা উহার অংশবিশেষের স্বত্বাধিকারীর নাম এবং বাসস্থান।

২৮। **পুস্তকের স্মারক প্রকাশ**।—উল্লিখিত পুস্তকের ক্যাটালগে নিবন্ধনকৃত পুস্তকের স্মারকসমূহ প্রতি তিন মাস শেষ হইবার পর যথাশীঘ্র সম্ভব সরকারি গেজেটে প্রকাশ করিতে হইবে।

## অংশ-৭

## পূর্বোক্ত বিধানাবলীর অধীন অপরাধের দণ্ড

২৯। **ধারা ৩ লঙ্ঘনের দণ্ড।**—কোন ব্যক্তি ধারা ৩ এর বিধান লংঘন করিয়া কোন পুস্তক বা কাগজ মুদ্রণ বা প্রকাশ করিলে তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ড অথবা অনূর্ধ্ব ছয়মাসের বিনাশ্রম কারাদণ্ড, বা উভয়দণ্ডে-দণ্ডিত হইবেন।

৩০। **ঘোষণাপত্র প্রদান ব্যতিরেকে ছাপাখানা চালানোর দণ্ড।**—কোন ব্যক্তি ধারা ৪ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় কোন ঘোষণা প্রদান ব্যতিরেকে, তাহার দখলে কোন ছাপাখানা রাখিলে, তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ড অথবা অনূর্ধ্ব ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড, অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

৩১। **মিথ্যা বিবৃতি প্রদানের দণ্ড।**—কোন ব্যক্তি, এই আইনের অধীন কোন ঘোষণা প্রদানকালে, কোন মিথ্যা বিবৃতি প্রদান করেন, যাহা তিনি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন অথবা সত্য মর্মে বিশ্বাস করেন না, তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ড এবং অনূর্ধ্ব ছয়মাসের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩২। **এই আইনের বিধান লংঘনপূর্বক কোন কিছু মুদ্রণ বা প্রকাশ করিবার দণ্ড।**—কোন ব্যক্তি এই আইনের বিধান লংঘনপূর্বক কোন সংবাদপত্র সম্পাদন, মুদ্রণ বা প্রকাশ করিলে, অথবা এই আইনের বিধান প্রতিপালন হয় নাই জানাসত্ত্বেও কোন সংবাদপত্র সম্পাদন, মুদ্রণ বা প্রকাশ করিলে বা করাইলে, তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ড বা অনূর্ধ্ব ছয়মাসের কারাদণ্ড, বা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৩। **অননুমোদিত সংবাদ-শীট এবং সংবাদপত্র প্রচার করিবার দণ্ড।**—(১) কোন ব্যক্তি কোন অননুমোদিত সংবাদ-শীট বা সংবাদপত্র প্রস্তুত, মুদ্রণ বা অন্যকোনভাবে প্রস্তুত, বিতরণ, প্রকাশ অথবা জনসম্মুখে প্রদর্শন বা বিক্রয়ের জন্য রাখিলে, অথবা বিতরণ বা প্রকাশ করিলে, তিনি অনধিক বিশ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

(২) ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ যাহা কিছুই থাকুকনা কেন, উপ-ধারা (১) এর অধীন কোন শাস্তিযোগ্য অপরাধ এবং এইরূপ কোন অপরাধ সংঘটনের কোন প্ররোচনা, আমলযোগ্য হইবে।

৩৪। **পুস্তক সরবরাহ না করিবার দণ্ড।**—যদি কোন মুদ্রাকর ধারা ২৪ এর বিধান অনুসারে কোন পুস্তক উক্ত ধারা অনুসারে সরবরাহ করিতে অবহেলা করেন, তাহা হইলে তিনি এইরূপ প্রত্যেক ব্যর্থতার জন্য যে কর্মকর্তার নিকট উক্ত পুস্তক সরবরাহ করিতে হইত, তাহার আবেদনের প্রেক্ষিতে অথবা উক্ত কর্মকর্তা কর্তৃক এতদুদ্দেশ্যেক্ষমতা প্রাপ্ত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে পুস্তকটি যে এলাকায়

মুদ্রিত হইয়াছে, সেই এলাকার স্থানীয় এখতিয়ার সম্পন্ন ম্যাজিস্ট্রেট কর্তৃক, পারিপার্শ্বিকতা বিবেচনাক্রমে উক্তরূপ ব্যর্থতার জন্য পাঁচশত টাকার মধ্যে যে পরিমাণ জরিমানা নির্ধারণ করিবেন, সরকারের অনুকূলে সেই পরিমাণ জরিমানা প্রদান করিবেন, এবং উহার অতিরিক্ত মুদ্রাকরের যেসকল কপি সরবরাহ করা উচিত ছিল তাহার মূল্য বিবেচনাক্রমে ম্যাজিস্ট্রেট আরও যে পরিমাণ অর্থ জরিমানা করিবে তাহাও নির্ধারণ করিবেন।

৩৫। **বিনামুল্যে সরকারের নিকট সংবাদপত্রের কপি সরবরাহে ব্যর্থতার দণ্ড।**—বাংলাদেশে প্রকাশিত কোন সংবাদপত্রের মুদ্রাকর যদি ধারা ২৬ এর অধীন সংবাদপত্রের কপি সরবরাহ করিতে অবহেলা করেন, তাহা হইলে তিনি, যে কর্মকর্তার নিকট উক্ত কপি সরবরাহ করিবার কথা ছিল সেই কর্মকর্তা কর্তৃক অথবা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্যকোন কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে, অনধিক পাঁচশত টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৬। **বাজেয়াপ্তকৃত এবং জরিমানার অর্থ আদায় নিষ্পন্ন।**—ধারা ৩৪ এর অধীন সরকারের অনুকূলে বাজেয়াপ্তকৃত অর্থ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ নির্ধারিত পদ্ধতিতে এবং দণ্ডবিধি (১৮৬০ সনের ৪৫ নং আইন) এ জরিমানা আদায়ের জন্য নির্ধারিত সময়ের মধ্যে জব্দকৃত মালামালের অর্থের পরিমাণ নিরূপণকারী ম্যাজিস্ট্রেট অথবা তাহার পদের উত্তরাধিকারীর পরোয়ানা অনুযায়ী আদায় করা যাইবে।

## অংশ ৮
## বিবিধ

৩৭। **কর্মকর্তা নিয়োগ।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কোন কর্মকর্তা বা কর্মকর্তাগণকে নিয়োগ করিতে পারিবে, এবং এইরূপ কর্মকর্তা বা কর্মকর্তাগণের ছাপাখানা, বই এবং কাগজ, মুদ্রাকর ও প্রকাশকের নীতিমালা সম্পর্কিত বিষয়ে সরকার কর্তৃক অর্পিত কর্তব্য ও ক্ষমতা থাকিবে।

৩৮। **তল্লাশী পরিচালনা।**—এই আইনের অধীন ইস্যুকৃত যে কোন পরোয়ানা, যতখানি কোন তল্লাশীর সহিত সংশ্লিষ্ট, ততখানি ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ উল্লিখিত তল্লাশী পরোয়ানা জারী সম্পর্কিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

৩৯। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।**—(১) এই আইনের কোন বিধান লংঘনকারী ব্যক্তি যদি কোন কোম্পানী হয়, তাহা হইলে অপরাধটি সংঘটনের সময়, কোম্পানীর ব্যবসা পরিচালনার জন্য কোম্পানীর দায়িত্বে নিয়োজিত প্রত্যেক ব্যক্তি এবং উক্ত কোম্পানী সংশ্লিষ্ট লংঘনের অপরাধে দোষী মর্মে গণ্য হইবেন এবং তদনুসারে তাহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ও দণ্ড আরোপ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারায় যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির অজ্ঞাতসারে কোন অপরাধ সংঘটিত হইয়া থাকিলে এই আইনের অধীন তাহাকে কোনরূপ শাস্তি প্রদান করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যেক্ষেত্রে এই আইনের অধীন কোম্পানী কর্তৃক কোন অপরাধ সংঘটিত হয় এবং প্রমাণিত হয় যে, উক্ত কোম্পানীর কোন পরিচালক, ব্যবস্থাপক, সচিব অথবা অন্য কোন কর্মকর্তার সম্মতিতে সংঘটিত হইয়াছিল, তাহা হইলে উক্ত কোম্পানীর অনুরূপ পরিচালক, ব্যবস্থাপক, সচিব অথবা অন্যান্য কর্মকর্তাও উক্তরূপ অপরাধ সংঘটনের জন্য দোষী মর্মে গণ্য হইবেন এবং তাহাদের বিরুদ্ধে আইনগত কার্যক্রম গ্রহণ ও তদনুসারে দণ্ড আরোপ করা যাইবে।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে—

(ক) "কোম্পানী" অর্থ কোন সংবিধিবদ্ধ সংস্থা এবং কোন ফার্ম বা ব্যক্তি সংগঠনও উহার অন্তর্ভুক্ত হইবে, এবং

(খ) কোন ফার্মের "পরিচালক" অর্থ উক্ত ফার্মের একজন অংশীদার।

৪০। **বিধি প্রণয়নের ক্ষমতা**।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৪১। **রহিত এবং হেফাজত**।—(১) মুদ্রণ ও প্রকাশনা অধ্যাদেশ, ১৯৬০ (১৯৬০ সনের ১৫ নং অধ্যাদেশ) এবং মুদ্রণ ও প্রকাশনা (ঘোষণা ও রেজিস্ট্রেশন) অধ্যাদেশ, ১৯৭৩ (১৯৭৩ সনের ১৬ নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) এইরূপ রহিত হওয়া সত্ত্বেও, উপরে বর্ণিত অধ্যাদেশসমূহের বিধান অনুসারে প্রদত্ত, স্বাক্ষরিত বা প্রমাণীকৃত কোন ঘোষণা, কোন কিছু সম্পন্ন করা বা কোন কার্যক্রম গ্রহণ করা হইয়া থাকিলে, এই আইনের বিধানের সহিত যতখানি অসংগতিপূর্ণ না হয় ততখানি, এই আইনের সংশ্লিষ্ট বিধান অনুসারে প্রদত্ত, স্বাক্ষরিত, প্রমাণীকৃত সম্পন্ন বা গৃহীত হইয়াছে মর্মে গণ্য হইবে।

(৩) জেনারেল ক্লজেজ এ্যাক্ট, ১৮৯৭ (১৮৯৭ সনের ১০ নং আইন) এর বিধানসমূহ, উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, এই আইন দ্বারা রহিতকৃত পূর্ববর্তী অধ্যাদেশসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## তফসিল

### ফরম ক

(ধারা ৪ দ্রষ্টব্য)

### ছাপাখানা সংরক্ষণকারীর ঘোষণাপত্র

আমি ............................................... (নাম), পিতা ............................................ ............................... (ঠিকানা), এই মর্মে ঘোষণা করিতেছি যে, ......................................... ................ স্থানে মুদ্রণের জন্য আমার একটি ছাপাখানা রহিয়াছে।

### ফরম খ

(ধারা ৭ দ্রষ্টব্য)

### সংবাদপত্রের মুদ্রাকর এবং / অথবা প্রকাশকের ঘোষণাপত্র

আমি ............................................... (নাম), পিতা ..................................... (ঠিকানা) ............................................................................................ এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি ...................................... নামক সংবাদপত্রের মুদ্রাকর বা প্রকাশক অথবা মুদ্রাকর এবং প্রকাশক যাহা ...................................... [4]ঠিকানায়.................................. [2]মেয়াদে.......................... [3]ভাষায় প্রকাশিত হইতেছে এবং মুদ্রিত[1] বা প্রকাশিত অথবা মুদ্রিত ও প্রকাশিত হইত।

---

১। যাহা প্রযোজ্য নহে, তাহা কাটিয়া দিতে হইবে।

২। এইখানে মেয়াদকালটি উল্লেখ করিতে হইবে।

৩। এইখানে ভাষা বা ভাষাসমূহ উল্লেখ করিতে হইবে।

৪। ঐ স্থানের বর্ণনা বা ঠিকানা প্রদান করিতে হইবে যেইখানে মুদ্রণ বা প্রকাশনাটি সম্পন্ন করা হয়।

**ফরম গ**

**(ধারা ১৬ দ্রষ্টব্য)**

**মুদ্রাকর এবং / বা প্রকাশক হিসাবে কর্মকাণ্ড সমাপ্তকারী ব্যক্তির ঘোষণা**

আমি ........................................... (নাম), পিতা ........................................ (ঠিকানা)........................................................................................ এই মর্মে ঘোষণা করিতেছি যে,................আমি........................ [২]মেয়াদে................ [৩]ভাষায়................ নামে প্রকাশিত সংবাদপত্রের [১]মুদ্রাকর বা প্রকাশক অথবা মুদ্রাকর এবং প্রকাশক হিসাবে আমার কর্মকাণ্ড সমাপ্ত করিয়াছি।

---

১। যাহা প্রযোজ্য নহে তাহা কাটিয়া দিতে হইবে।

২। এইখানে মেয়াদকাল উল্লেখ করিতে হইবে।

৩। এইখানে ভাষা বা ভাষাসমূহ উল্লেখ করিতে হইবে।

**এস. এম রহমান**
সেক্রেটারী।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site:www.bgpress.gov.bd.